# লিজিওনেয়ার্স রোগ সম্পর্কে Carnegie Hill এবং Yorkville-এর জন্য বিজ্ঞপ্তি

নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য বিভাগ Carnegie Hill এবং Yorkville-এ (জিপ কোড 10028, 10128 এবং 10075) লিজিওনেয়ার্স রোগের গুচ্ছ সংক্রমণের ঘটনা তদন্ত করছে।

**লিজিওনেয়ার্স রোগ হলো এক ধরণের নিউমোনিয়া। বেশিরভাগ মানুষের জন্য এর ঝুঁকি কম, তবে আপনি যদি এই জিপ কোডগুলিতে বাস করেন, কাজ করেন বা সেখানে গিয়ে থাকেন এবং আপনার যদি ফ্লু-এর মতো উপসর্গ থাকে, তবে অবিলম্বে একজন স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে দেখা করুন। উপসর্গগুলির মধ্যে রয়েছে জ্বর, কাঁপুনি, পেশিতে ব্যথা, কাশি এবং শ্বাসকষ্ট।**

অভিবাসন স্থিতি বা বিমা নির্বিশেষে, একজন স্বাস্থ্য সেবা প্রদানকারীকে খুঁজতে সহায়তার জন্য, **311** বা **844-692-4692** নম্বরে কল করুন। নিশ্চিত হওয়া আক্রান্তের সংখ্যা সহ সর্বশেষ তথ্য জানার জন্য, **nyc.gov/legionnaires**-এ ভিজিট করুন।

এই নিউমোনিয়ার জন্য দায়ী জীবাণুর সম্ভাব্য উৎস হলো প্রভাবিত এলাকার একটি কুলিং টাওয়ার। কুলিং টাওয়ার হলো এক ধরণের পানির ব্যবস্থা, যা সাধারণত ভবনের ছাদে থাকে। এগুলি রেফ্রিজারেশনের মতো শীতলীকরণ ব্যবস্থার তাপমাত্রা নিয়ন্ত্রণ করে। এই কুলিং টাওয়ারগুলি এমন জলকণা ছড়ায়, যার মধ্যে জীবাণু থাকে। স্বাস্থ্য বিভাগ প্রভাবিত এলাকার সব কুলিং টাওয়ার পরীক্ষা করে দেখছে।

**এটি কোনো ভবনের প্লাম্বিং ব্যবস্থার কোনো সমস্যা নয়। আপনার জন্য পানি পান করা, স্নান করা, রান্না করা এবং এয়ার কন্ডিশনার ব্যবহার করা সম্পূর্ণ নিরাপদ।**

**বিশেষ করে যখন শহরে তীব্র গরম থাকে এবং তাপমাত্রা বিপজ্জনক মাত্রায় পৌঁছায়, তখন আপনার এয়ার কন্ডিশনারের ব্যবহার চালিয়ে যাওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ।**

আরও তথ্যের জন্য বা আপনার কোনো প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে **nyc.gov/legionnaires** ওয়েবসাইটে যান, **311** নম্বরে কল করুন, অথবা স্বাস্থ্য বিভাগকে **communityaffairs@health.nyc.gov**-এ ইমেইল করুন।